মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

---

নং- ১২৫৪ | তাং- ১১/১২/২০০০

প্রেরকঃ কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
কুমিল্লা।

প্রাপকঃ অধ্যক্ষ,
রেহানা মজিদ মহিলা কলেজ
ডাক-হোমনা, জেলা-কুমিল্লা।

বিষয়ঃ দ্বাদশ ~~শ্রেণী~~ শ্রেণী খোলা ও পাঠদানের প্রাথমিক অনুমতি প্রসংগে।

---

উপরোক্ত বিষয়ের মর্মানুসারে নির্দেশক্রমে জানান যাইতেছে যে, কলেজ কর্তৃপক্ষ কর্তৃক নিজ অর্থে কলেজের যাবতীয় ব্যয়ভার বহন করিবে এবং সরকারের নিকট কোন আর্থিক অনুদান চাহিবে না মর্মে অঙ্গীকার প্রদান করায় অত্র বোর্ড কর্তৃক রেহানা মজিদ মহিলা কলেজকে ০১/৭/২০০০ ইং তারিখ হইতে দ্বাদশ শ্রেণীতে পাঠদানের অনুমতিসহ ২০০১ ইং সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহনের প্রাথমিক অনুমতি প্রদান করা গেল।

| | | | |
|---|---|---|---|
| | আবশ্যিক বিষয় | : | ১। বাংলা ও ২। ইংরেজী |
| (ক) | মানবিক শাখা | : | ১। অর্থনীতি ২। পৌরনীতি, ৩। সমাজ ~~বিজ্ঞান~~ কল্যাণ ৪। ইসলামের ইতিহাস ৫। যুক্তিবিদ্যা। |
| (খ) | ব্যবসায় শিক্ষা শাখা | : | ১। হিসাব বিজ্ঞান ২। ব্যবসায়নীতি ও প্রয়োগ ৩। অর্থনীতি ও বানিজ্যিক ভূগোল |
| (গ) | বিজ্ঞান শাখা | : | ১। পদার্থবিদ্যা ২। রসায়নবিদ্যা ৩। জীববিদ্যা ৪। গনিত ৫। পরিসংখ্যান ৬। কৃষি শিক্ষা ৭। কম্পিউটার শিক্ষা |

তাঁহার অবগতির জন্য আরো জানান যাইতেছে যে, উল্লিখিত কলেজের একাডেমিক স্বীকৃতির বিষয়টি নিম্নলিখিত শর্তাবলী যথাযথ পুরন করার পর কলেজের কার্যাবলীর সন্তোষজনক পরিদর্শন বিবরনী পাওয়া গেলেই বিবেচনা করা যাইতে পারে।

১। এই অনুমতি কলেজের স্বীকৃতি হিসাবে গন্য হইবে না।
২। এই অনুমতির ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাইবে না।
৩। একবার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহনের পর সন্তোষজনক পরীক্ষার ফলাফলের ভিত্তিতেই কেবলমাত্র স্বীকৃতির আবেদন বিবেচনা করা হইবে।
৪। বিধি মোতাবেক প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিভাগে কম পক্ষে ৫০জন ছাত্র/ছাত্রী থাকিতে হইবে। পর্যাপ্ত ছাত্র/ছাত্রী ভর্তি না হইলে পাঠদানের অনুমতি বাতিল করা হইবে।
৫। বিধি মোতাবেক বোর্ড অনুমোদিত পরিচালনা পরিষদ থাকিতে হইবে।
৬। পরীক্ষার ফলাফল ও পাঠদানের মান সন্তোষজনক হইতে হইবে।
৭। কলেজের নামে অর্জিত সম্পত্তির জমা খারিজের প্রমানপত্র দাখিল করিতে হইবে।
৮। ছাত্রী/শিক্ষক হাজিরা নিয়মিত হইতে হইবে।
৯। কলেজের যাবতীয় রেকর্ডপত্র যথাযথভাবে সংরক্ষন করিতে হইবে।

তাঁহার অবগতির জন্য আরো জানানো যাইতেছে যে, শিক্ষক এবং ছাত্রী না থাকায় মনোবিজ্ঞান, ভূগোল, সাচিবিক বিদ্যা, গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে অনুমতি প্রত্যাহার করা হইল।

আরোপিত শর্তাবলী পুরন করিতে ব্যর্থ হইলে এবং বোর্ডের কোন নির্দেশ অমান্য করিলে কোন প্রকার কারন দর্শানো ছাড়াই এই অনুমতি প্রত্যাহার করা হইবে।

২০/১০/২০০০

কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।

নং- তাং-

সদয় অবগতির জন্য অনুলিপি দেওয়া হইল :-
১। মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, ১, সোনারগাঁও রোড(পলাশী নীলক্ষেত) ঢাকা-১২০৫
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
৫। বিদ্যালয় পরিদর্শক, -ঐ-
৬। হিসাব রক্ষন অফিসার(জমা) -ঐ-
৭। সেকশন অফিসার/প্রেরন শাখা/বৃত্তি শাখা, -ঐ-

কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
কুমিল্লা।